

প্রযুক্তি প্রজ্ঞা

কম্পিউটার-এর যুগেও অবহেলিত কম্পিউটার শিক্ষা



ঢাকার একটি শীর্ষস্থানীয় কলেজের কম্পিউটার ল্যাবে ছাত্রীরা ক্লাস করছে

কম্পিউটারের এই যুগে কম্পিউটার-এর প্রয়োজনীয়তা এখন সবারই জানা। কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি বিষয়েও সচেতনতা তৈরী হয়েছে সর্বস্তরের মানুষের মাঝে। সেইসাথে সাধারণ মানুষকে কম্পিউটার শিক্ষিত করে তুলতে তৎপর সরকারী ও বেসরকারী অসংখ্য প্রতিষ্ঠান। পাশাপাশি এটি নিয়ে তরুণ প্রজন্মের আগ্রহও বিশেষ উল্লেখযোগ্য।

এসবের মাঝেই সাম্প্রতিককালে উদঘাটিত হয়েছে একটি শুভংকরের ফাঁকি। সেটি হল প্রচুর টাকা পয়সা খরচ করে শতাধিক স্কুল ও কলেজে এসএসসি ও এইচএসসি পর্যায়ে কম্পিউটার শিক্ষা কোর্স চালু করা হলেও অধিকাংশ ছাত্র-ছাত্রী এই বিষয়টি নিচ্ছে না।

দেশের মেধাবী শিক্ষার্থীদের প্রতিষ্ঠান বলে পরিচিত নটরডেম কলেজ-এর একদল মেধাবী তরুণ এই প্রতিবেদককে জানান যে, কলেজে কম্পিউটার বিষয়ে অভিজ্ঞ শিক্ষক ও সুসজ্জিত কম্পিউটার ল্যাব থাকার পরও আর্টস/ কমাৰ্স তো দূরের কথা-

সায়েন্স-এর ছাত্ররাই কম্পিউটার কোর্সটি নিতে উৎসাহ পাচ্ছে না। কারণ এইচএসসি'র সিলেবাসে কম্পিউটার শিক্ষা শুধু চতুর্থ বিষয় হিসেবে অন্তর্ভুক্ত আর নতুন গ্রেডিং পদ্ধতিতে চতুর্থ বিষয়ের নম্বর মূল নম্বরের সাথে যুক্ত হয় না। এজন্যই অসংখ্য ছাত্র-ছাত্রী ইচ্ছা থাকা সত্ত্বেও এই গুরুত্বপূর্ণ কোর্সটি নিতে পারছে না।

এছাড়া এইচএসসি পাস করার পর বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের একটা বিরাট অংশ ব্যুয়েটসহ বিভিন্ন কারিগরি প্রতিষ্ঠানে ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির জন্য আবেদন করে থাকে। কিন্তু এসব ক্ষেত্রে ভর্তির পূর্বশর্ত হচ্ছে এইচএসসিতে গণিত, পদার্থ ও রসায়নে নির্দিষ্ট নম্বর থাকতে হবে অর্থাৎ গণিত বিষয়টি আবশ্যিক বিষয় হিসেবে থাকতে হবে। অন্যথায় উক্ত ছাত্র-ছাত্রী ভর্তির অযোগ্য হয়ে যাবে।

একই কারণে এসএসসি পর্যায়েও খোদ বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীরাই কম্পিউটার শিক্ষা বিষয়টি নিতে আর আগ্রহী হচ্ছেনা। এ বিষয়ে দেশের খ্যাতনামা কম্পিউটার

শিল্পের প্রবীণ ব্যক্তিত্ব এসএসসি ও এইচএসসি কম্পিউটার শিক্ষা বইয়ের প্রণেতা মোস্তফা জব্বার বলেনঃ 'বর্তমানে কম্পিউটার শিক্ষার নামে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে স্রেফ ভাঁওতাবাজি চলছে। যে লক্ষ্যকে সামনে রেখে স্কুল ও কলেজ পর্যায় কম্পিউটার শিক্ষা কোর্স চালু করা হয়েছিল তা অনেকখানি মাঠে মারা গেছে। বিভিন্ন স্কুলকলেজ কম্পিউটার শিক্ষা চালু করার নামে সরকার থেকে অনুদান নিয়েও শিক্ষক নিয়োগ করেছে। একই সাথে 'কম্পিউটার সায়েন্স পড়ানো হয়' এই সাইনবোর্ড লাগিয়ে শিক্ষার্থীদেরকে আকৃষ্ট করেছে কিন্তু এর ফলাফল হচ্ছে শূন্যের কোঠায়।'

দেশের আপামর যুব সমাজ কম্পিউটারকে ঘিরে যখন নতুন পৃথিবী গড়ার স্বপ্ন দেখছে তখন পরিভাপের বিষয় হচ্ছে যে সরকারী ও বেসরকারী উভয় সেক্টরে তারা কেবল প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছে। আমরা আশা করবো সরকার এ ব্যাপারে আশু পদক্ষেপ গ্রহণ করবেন। □ জেসান রহমান